

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'এ বোটার পরমায়ু আছে।'— কে কাকে কথাটি বলেছে? বোটার পরমায়ু থাকার কারণ কী? ১+১+৩

(খ) 'শালাদের মুড়ো কেটে এনে ছড়িয়ে দাও আমার সামনে। আমি বসে বসে দেখি, দু'দিন দু'রাত ধরে দেখি।'— কে কাকে একথা বলেছে? উক্তিটির অন্তর্নিহিত বক্তব্য বিশ্লেষণ কর। ১+১+৩

(গ) 'তুমি আসবে বলেছিল, তাই আমি তোমার জন্যে সারা রাত জেগে আছি'।— কে কার জন্যে অপেক্ষা করছিল? পরিপ্রেক্ষিতটি বর্ণনা কর। ১+১+৩

(ঘ) 'বড় হয়ে আমি তোমায় নিয়ে যাবো দিদি!' — কার উক্তি? বক্তা দিদিকে কোথায় নিয়ে যেতে চায়? এখন সেখানে নিয়ে যেতে পারেনি কেন? ১+১+৩

৮। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'ভাষাহীন বেদনার নীরব আর্তনাদে বুঝি ছিঁড়ে পড়ছে কোমল আত্মা।'— তাৎপর্য বিশ্লেষণ কর। ৫

(খ) তোমাদের এই কলকাতা দিন দিন আধুনিক হচ্ছে, বর্বর হচ্ছে, সূক্ষ্মতার নামে দরকচা মেরে যাচ্ছে।'—কথাটি কে কাকে বলেছে? এই কথার তাৎপর্য কী? ১+১+৩

(গ) দেশের পুরো অতীতটা পচা—নির্মম সার্জারি না চালালে নতুন রক্ত সঞ্চালিত হয় না'— কার উক্তি? কোন্ প্রসঙ্গে? তাৎপর্য কী? ১+২+২

(ঘ) 'সার্কাসে দেখোনি? একটা সরু তারের ওপর দিয়ে ছাতা হাতে মেয়েরা কেমন সন্তর্পণে হেঁটে ওপার পৌঁছে যায়।'— কে, কাকে বলেছে? কথাটির মর্মার্থ ব্যাখ্যা করো। ১+১+৩

সপ্তম পত্র—২০১৩

বাংলা—সম্মানিক

পূর্ণমান-১০০

১।(ক) প্রবন্ধের শ্রেণিবিভাগের উল্লেখসহ ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধের পরিসরে লেখকের ব্যক্তিমন ও শিল্পীসত্তা কীভাবে অভিব্যক্তি লাভ করে উপযুক্ত উদাহরণসহ তা বুঝিয়ে দাও। ১৮

অথবা, (খ) যে-কোনো দুটি বিষয়ে আলোচনা করো : ৯+৯

(অ) ডায়েরি (আ) ভ্রমণ সাহিত্য (ই) পত্রসাহিত্য (ঈ) রম্যরচনা

২।(ক) 'একা—কে গায় ওই' রচনায় কমলাকান্ত কীভাবে জীবনে একাকিত্বের নৈরাশ্য থেকে সর্ব-মানবপ্রীতির চেতনায় এসে পৌঁছেছে তা বুঝিয়ে দাও। ১২

অথবা, (খ) ‘কমলাকান্তের দপ্তর’-এর নির্বাচিত রচনাগুলিতে বঙ্কিমচন্দ্রের হাস্যরস সৃষ্টির নৈপুণ্য বিচার করো। ১২

৩। (ক) “আমরা কি হিন্দুর মেয়ে যে, পুড়িয়া মরিতে পাব না?”—কোন রচনার অংশ? উদ্ধৃতাংশে ‘আমরা’ বলতে কাদের কথা বলা হয়েছে? প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ১+১+২

অথবা, (খ) “তোমার কথাগুলি ভারি সোশিয়ালিষ্টিক্! সমাজ বিশৃঙ্খলার মূল!” কোন রচনার অংশ? ‘সোশিয়ালিষ্টিক্’ কথাগুলি ‘সমাজ বিশৃঙ্খলার মূল’ কেন বুঝিয়ে দাও। ১+৩

৪। (ক) পদ্মাতীরের মানবজীবনের যে রূপ ‘ছিন্নপত্র’-এ ফুটে উঠেছে নির্বাচিত পত্রগুলির সূত্রে তার পরিচয় দাও। ১২

অথবা, (খ) “ছিন্নপত্র’-এ বর্ণিত রবীন্দ্রনাথের জীবন-অভিজ্ঞতা তাঁর তৎকালীন সাহিত্য সৃষ্টিকে কীভাবে প্রাণিত করেছে তা আলোচনা করো। ১২

৫। (ক) “আমরা দুজনে একলা মুখোমুখি করে বসলেই আমাদের সেই বহুকালের পরিচয় যেন অঙ্গে অঙ্গে মনে পড়ে।” উদ্ধৃতাংশে ‘আমরা’ বলতে কাদের কথা বলা হয়েছে? ‘সেই বহুকালের পরিচয়’ বলতে কী বোঝানো হয়েছে ব্যাখ্যা করো। ১+৩

অথবা, (খ) “নিজের ভিতরকার এই অপার রহস্যের কথা মনে করলে ভারী ভয় হয়—” এই ‘অপার রহস্যের’ সংক্ষিপ্ত পরিচয় দাও। তার কথা মনে করায় লেখকের ভয়ের কারণই বা কী? ২+২

৬। (ক) “কিন্তু একবার সাহিত্যশাসন ব্যবস্থা চালু হলে সহজে তা লোপ পাওয়ার নয়।”—‘সাহিত্যের রাজনীতি’ প্রবন্ধের অনুসরণে এই ‘সাহিত্যশাসন ব্যবস্থা’-র বিশদ পরিচয় দাও। ১৫

অথবা, (খ) “অতএব ভারতীয় সভ্যতার অবনতির কারণ সম্বন্ধে একাধিক ব্যাখ্যার অবকাশ আছে।”—‘ভারতীয় সভ্যতার অবনতির’ যে কারণগুলি লেখক ‘শিক্ষা ও বিজ্ঞান’ প্রবন্ধে নির্দেশ করেছেন, তা বিশ্লেষণ করো। ১৫

৭। (ক) “প্রগতিশীল নাট্য আন্দোলন দিক্‌প্রান্ত হয়ে ভবিষ্যৎ তো দূরের কথা, আজ তার নিজস্ব অস্তিত্ব নিয়েই বিপন্ন।”—প্রগতিশীল নাট্য আন্দোলনের সংক্ষিপ্ত পরিচয় দাও। কী ভাবে তা দিক্‌প্রান্ত হয়ে পড়ল? তার অস্তিত্বের বিপন্নতা থেকে উত্তরণের উপায় কী? ৫+৭+৩

অথবা, (খ) “এখানে ব্যক্তি বিশেষের কোন কথা না; সমস্ত জাতিরই প্রাণের কথা, অন্তরতম আশা-আকাঙ্ক্ষা ইহাতে ধ্বনিত হইয়া উঠিতেছে।”—এখানে বলতে কী বোঝানো হয়েছে? সমগ্র জাতির প্রাণের কথা, আন্তরিক আশা-আকাঙ্ক্ষা সেখানে কী ভাবে ধ্বনিত হয়ে ওঠে ‘রূপকথা’ প্রবন্ধ অনুসারে বুঝিয়ে দাও। ২+১৩

৮। নিম্নলিখিত যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে চৈতন্য আন্দোলনের প্রভাব (খ) মধ্যযুগের বাংলা কাব্যে দেবতা ও মানুষ (গ) বাংলা শিশু-কিশোর সাহিত্য (ঘ) উনিশ শতকের বাংলা কাব্যে স্বদেশচেতনা (ঙ) বাংলা সাহিত্যে বিবেকানন্দ (চ) শরৎ-সাহিত্যে বাংলার সমাজজীবন (ছ) রবীন্দ্রোত্তর বাংলা কবিতায় প্রেম (জ) বাংলা উপন্যাসে দেশভাগের অভিঘাত।

অষ্টম পত্র— ২০১৩

বাংলা—সাম্মানিক

পূর্ণমান—১০০

১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) কালিদাসের নাটকগুলির নাম লেখো। তাদের যে-কোনো একটি সম্পর্কে বিস্তারিত আলোচনা করো। ৩+১২

(খ) ‘গীতগোবিন্দম্’ কেন কালজয়ী সৃষ্টি যুক্তিসহ ব্যাখ্যা করো। ১৫

(গ) বাণভট্টের ‘কাদম্বরী’ সম্পর্কে নাতিদীর্ঘ প্রবন্ধ লেখো। ১৫

২। যে কোনো দুটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো : ৫+৫

মেঘদূতম, উত্তর রামচরিত, মুচ্ছকটিক, ঋতুসংহার, হর্ষচরিত

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) চার্লস ডিকেন্সের দুটি উপন্যাস সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।

৭<sup>১</sup>/<sub>২</sub> + ৭<sup>১</sup>/<sub>২</sub>

(খ) শেক্সপীয়রের সনেট সম্পর্কে আলোচনা কর শেক্সপীয়রীয় সনেটের বৈশিষ্ট্য নির্ধারণ করো। ৭+৮

(গ) রোমান্টিক কবি হিসাবে জন কীটস-এর মূল্যায়ন করো। ১৫

৪। যে কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ৫+৫

আইভ্যান হো, ম্যাকবেথ, প্যারাডাইস লস্ট, পিগম্যালিয়ন, লিরিক্যাল ব্যালাডস্

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) হিন্দী সাহিত্যের ইতিহাসে ভারতেন্দু হরিশ্চন্দ্রকে কেন পুরোধা পুরুষ বলা হয় উদাহরণ সহ আলোচনা করো। ১৪

(খ) কবি হিসাবে সূর্যকান্ত ত্রিপাঠী নিরালার বিশেষত্ব উদাহরণসহ আলোচনা করো। ১৪

(গ) ছোটো গল্পকার প্রেমচন্দ্রের রচনা বৈশিষ্ট্যের পরিচয় দাও। ১৪

৬। যে কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো : ৪

গোদান, ময়লা, আঁচল, দীপশিখা